ফোন নং ঃ (০৩৮১) ২৩২ ৩৩৫৫
২৩২ ২৯১২

ত্রিপুরা মহিলা কমিশন

মেলারমাঠ ❑ আগরতলা - ৭৯৯ ০০১ ❑ পশ্চিম ত্রিপুরা।

রেফ্ নং ঃ

তারিখ ঃ 5-11-2015

No.7(1)-SWC/PC/Rape/Sl.425/2015 /5142-5151

No.7(1)-SWC/PC/Un-dth/Sl.422/2015

প্রেস রিলিজ

দুটি ঘটনার তদন্তে মহিলা কমিশন -অপরাধীদের শাস্তি দাবি কমিশনের

গত ৩১শে অক্টোবরের স্থানীয় পত্রিকায় প্রকাশিত 'মধ্যরাতে নাবালিকাকে তুলে নিয়ে ধর্ষন' এবং 'পনের বলি গৃহবধূ' ঘটনা দুটির তদন্তে কমিশনের দুই সদস্যের প্রতিনিধি দল ধর্মনগরে যান। প্রতিনিধিদলটি কদমতলা থানাধীন দক্ষিন কদমতলায় নাবালিকার (১৩) বাড়ীতে যান এবং কথা বলেন নাবালিকাটির সাথে ও তার অভিভাবক, প্রতিবেশীদের সাথে। নাবালিকাটি জানায় গত ৩০শে অক্টোবর অধিকরাতে এলাকার আলমাস উদ্দিন(১৫) এবং আকাস(১৫) ঘরের দরজা ভেঙ্গে ঘরে ঢুকে ঘুমন্ত অবস্থায় তাকে তুলে নিয়ে যায় এবং আলমাস তাকে ধর্ষন করে। নাবালিকাটি ফিরে এসে তার মায়ের কাছে সমস্ত ঘটনা জানায়। কদমতলা থানায় কেইস হলে আসামী গ্রেপ্তার হয়। মেয়েটির ডাক্তারী পরীক্ষা ও ম্যাজিষ্ট্রেট পর্যায়ে বয়ান লিপিবদ্ধ হয়েছে।মেয়েটি অপরাধীর কঠোর শাস্তি চায়।

তদন্তকারী দলটি এরপর কথা বলেন মৃতা গীতিমালা নাথের মা এবং বাবার সাথে। বিবৃতিতে গীতিমালার মা, বাবা জানান ১বছর ১০ মাসের বিবাহিত জীবনে প্রথমদিকে ভাল থাকলেও পরবর্তী সময়ে গীতিমালা তার মা, বাবার কাছ থেকে ১লক্ষ ২০ হাজার টাকা নেয় আর্থিক অনটনের কারনে। ১৩ অক্টোবর গীতিমালার বাবা গীতিমালার শ্বশুর বাড়ী গিয়েছিলেন পুজোর কাপড় ইত্যাদি নিয়ে। তখন কোন সমস্যা ছিল বলে মনে হয় নি। ১৯ অক্টোবর গীতিমালা ফোন করে মাকে জানায় তাকে ধর্মনগর নিয়ে আসার জন্য। কিন্তু কিছু অসুবিধা থাকার জন্য ওকে আনা যায়নি। ২৩ শে অক্টোবর সকালে গীতিমালা মা বাবার সাথে ফোনে কথা বলে। সে দিনই রাত আনুমানিক ৮ ৩০ মিনিট নাগাদ গীতিমালার শ্বশুর ফোন করে জানায় গীতিমালা আত্মহত্যা করেছে, গীতিমালার মা বাবা যেন দশদা হাসপাতালে চলে আসে। গীতিমালার মা বাবা জানায় মৃতদেহের থুতনির নীচে একটি আঘাতের চিহ্ন ছিল। বুকের মাঝখানে এবং পা দুটি কাপড় দিয়ে বাঁধা ছিল। মৃতা গীতিমালার মা, বাবার দাবী পরিকল্পিত ভাবে গীতিমালার স্বামী, ননাস এবং ভাসুর গীতিমালাকে খুন করেছে। দোষীদের কঠোর শাস্তি দাবী করছে মৃতার মা, বাবা এবং আত্মীয় পরিজন।

কমিশন দুটি ঘটনার তীব্র নিন্দা করছে এবং সুষ্ঠু তদন্তক্রমে দোষীদের কঠোর শাস্তি দাবী করছে।

05/11/2015
(Smt. Aparna De)
Member Secretary
Tripura Commission for Women